গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
শের-ই-বাংলা নগর, পিএসসি সড়ক, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

সহকারী সচিব [ক্যাডার বহির্ভূত] কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা জুন, ২০২০ এর অনুষ্ঠান সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।

প্রেস বিজ্ঞপ্তি

নং - ৮০.১১০.০৩৮.০০.০০.০০৪.২০২০-১০০

তারিখ: ২৬ জুলাই ২০২০
১১ শ্রাবণ ১৪২৭

বিষয়ঃ সহকারী সচিব [ক্যাডার বহির্ভূত] কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা জুন, ২০২০।

সহকারী সচিব [ক্যাডার বহির্ভূত] কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা জুন, ২০২০ **- এ** অংশগ্রহণে ইচ্ছুক যোগ্য প্রার্থীদের নিকট হতে online-এ আবেদনপত্র (soft copy) আহ্বান করা যাচ্ছে। আবেদনপত্রসমূহ আগামী ২৭ জুলাই, ২০২০ তারিখ রাত ১২.০১ মিনিট থেকে শুরু করে ২০ আগস্ট , ২০২০ তারিখ রাত ১২.০০ টার মধ্যে নির্ভুলভাবে দাখিল করতে হবে এবং online আবেদনপত্র দাখিলের পর সহকারী সচিব [ক্যাডার বহির্ভূত] কর্মকর্তাদের সিনিয়র স্কেল (পদোন্নতির জন্য) পরীক্ষা নীতিমালা, ২০১৮ অনুযায়ী আগামী ৩১ আগস্ট , ২০২০ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদনপত্রের soft copy এর hard copy -এর যথাস্থানে পরীক্ষার্থীর এক ধাপ ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নাম সম্বলিত সিল স্বাক্ষরসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে অবশ্যই সরাসরি সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, পিএসসি সড়ক, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর প্রেরণ করতে হবে। কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে উক্ত আবেদনপত্রের hard copy যাচাই-বাছাই পূর্বক পরীক্ষা গ্রহণ করা হবে। নির্ধারিত তারিখের পরে কমিশনে প্রাপ্ত আবেদনপত্র, কারণ যাই হোক না কেন, সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২. আবেদনপত্রের online form যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্রের সাথে চাকরি স্থায়ীকরণের সত্যায়িত গেজেট কপি এবং সত্যায়িত পাসপোর্ট সাইজের ০১(এক) কপি ছবি সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের hard copy এর যথাস্থানে আবেদনকারী ও তাঁর এক ধাপ উর্ধ্বতন কর্তৃপক্ষের নাম সম্বলিত সিলসহ স্বাক্ষর/প্রতিস্বাক্ষর থাকতে হবে। উভয় কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত পূরণকৃত আবেদনপত্র (hard copy) বাতিল বলে গণ্য হবে। **যে কোন ধরণের ত্রুটিযুক্ত বা ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র (hard copy) সরাসরি বাতিল বলে গণ্য হবে**। বিধি অনুযায়ী অযোগ্য আবেদনকারী এবং ভুল তথ্য প্রদানকারী পরীক্ষার্থীর আবেদনপত্র বা প্রার্থিতা পরীক্ষার পূর্বে বা পরীক্ষায় উত্তীর্ণ হবার পরেও বাতিল হতে পারে, অর্থাৎ যে পর্যায়ে ত্রুটি ধরা পড়বে সে পর্যায়েই বাতিল হবে।

ক্রমশ/২

৩. শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর জন্য সর্বশেষ তারিখ পর্যন্ত অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত online-এ আবেদনপত্র দাখিলের পরামর্শ দেয়া যাচ্ছে।

৪. Coronavirus (COVID-19) পরিস্থিতি স্বাভাবিক হওয়া সাপেক্ষে পরীক্ষাসূচী যথাসময়ে দৈনিক পত্রিকায় এবং কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

৫. **Online-এ Senior Scale (Ex.Cadre) Form পূরণের নিয়মাবলী ঃ**

পরীক্ষার্থীকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd অথবা http://bpsc.teletalk.com.bd এর মাধ্যমে Online Registration কার্যক্রম সম্পন্ন করতে হবে। কমিশনের ওয়েব সাইটটি open করে অন-লাইন রেজিস্ট্রেশন সেবা বক্সে সিনিয়র স্কেল পরীক্ষা লিংকে ক্লিক করে নিম্নলিখিত ধাপগুলো অনুসরণ করলে Online Form পাওয়া যাবেঃ Application for Promotion Examination → Senior Scale Ex → Ex-→ cadre-Session june 2020 → Ex-cadre → Submit। Online ফরম পূরণের পূর্বে পরীক্ষার্থীগণ Instruction অংশটি Download করে প্রতিটি নির্দেশনা ভাল করে পড়বেন। Online Form- এ ৪ (চার) টি Section রয়েছে। Section-1: Personal Details, Section-2: Service Related Information, Section-3: Examination Related Information, Section-4: ছবি এবং স্বাক্ষর প্রদানের জন্য পৃথক নির্দেশাবলী রয়েছে। প্রতিটি নির্দেশনা এবং Online এর BPSC Senior Scale (Ex.Cadre) Form এর প্রতিটি Field এ প্রদত্ত তথ্য সুক্ষভাবে অনুসরণ করে Form পূরণ করতে হবে। **এ জন্য পরীক্ষার্থীদের National ID card এর নম্বর, ছবি {ইমেজ ৩০০×৩০০ পিক্সেলস (Pixels) ফাইল সাইজ ১০০ কেবি এর নিচে} এবং স্বাক্ষর {ইমেজ ৩০০×৮০ পিক্সেলস (Pixels) ফাইল সাইজ ৬০ কেবি এর নিচে} প্রয়োজন হবে।**

৬. **এ পরীক্ষায় অংশ গ্রহণের শর্তাবলী ঃ**

ক. কোন কর্মকর্তার সংশ্লিষ্ট ১ম শ্রেণির পদে চাকরির মেয়াদ (২০২০ সালের ০১ জুন তারিখে) ন্যূনপক্ষে ০৪(চার) বছর পূর্ণ এবং চাকরিতে স্থায়ী হতে হবে;

খ. নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্র (Online -এ দাখিলকৃত soft copy ও মুদ্রিত hard copy) কমিশনে পৌঁছাতে হবে;

গ. নির্ধারিত ২০ আগস্ট , ২০২০ তারিখের মধ্যে আবেদনপত্র (hard copy) সরাসরি কমিশনে পৌঁছাতে/জমা দিতে হবে;

ঘ. একজন কর্মকর্তা একসাথে তিনটি অথবা কম সংখ্যক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন;

ঙ. আবেদনপত্রের কপি (hard copy)-এর যথাস্থানে পরীক্ষার্থী এবং তার এক ধাপ উর্ধ্বতন কর্তৃপক্ষের নাম সম্বলিত সিলসহ স্বাক্ষর থাকতে হবে ;

চ. কোন কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর পূর্ণ হওয়ার পর তিনি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

উল্লিখিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করা না হলে আবেদনপত্র/প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

৭. পরীক্ষায় লিথোকোড সংযুক্ত উত্তরপত্র সরবরাহ করা হবে। পরীক্ষার্থীকে নিম্নে বর্ণিত বিষয়কোডগুলো অবহিত থাকতে হবে; যা উত্তরপত্রে কোডের স্থানে পরীক্ষার সময় লিখতে হবে ঃ

ক. **প্রথমপত্র ঃ** বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি, বিষয় কোড নং- ৭০১।

খ. **দ্বিতীয়পত্র ঃ** সাধারণ আইন, বিধি ও পদ্ধতি এবং আর্থিক ব্যবস্থাপনা, বিষয় কোড নং- ৭০২।

গ. **তৃতীয়পত্র ঃ** সহকারী সচিব [ক্যাডার বহির্ভূত] কর্মকর্তাদের নিজস্ব কার্যাবলীর সংগে সম্পর্কিত বিষয়াবলী। বিষয় কোড নং-৭০৩।

৮. প্রত্যেক পত্রের প্রশ্নের পূর্ণমান ১০০ নম্বর এবং পাশ নম্বর ৪০। প্রত্যেক পত্রের পরীক্ষার জন্য নির্ধারিত সময় ০৩(তিন) ঘন্টা।

৯. যোগ্য/অযোগ্য আবেদনকারীর তালিকা কর্ম কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে। যোগ্য আবেদনকারীর পরীক্ষার প্রবেশপত্র পরবর্তী সময়ে তাদের নিজ উদ্যোগে কমিশনের ওয়েবসাইট হতে download করে সংগ্রহ করতে হবে।

ক্রমশ/৩

প্রবেশপত্র ব্যতীত কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। online- এ আবেদনপত্র ফরম পূরণে কোন সমস্যা হলে ফোন ঃ ৫৫০০৬৬৩০ অথবা ৫৫০০৬৭১৩এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

১০. সহকারী সচিব [ক্যাডার বহির্ভূত] কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষার সিলেবাস কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd -এ পাওয়া যাবে।

২৬/৭/২০২০

Scanned with CamScanner

[মোঃ রাজা মিয়া]
পরিচালক [উপসচিব]
ফোন ঃ ৫৫০০৬৬৩০

নং - ৮০.১১০.০৩৮.০০.০০.০০৪.২০২০- ১০০ তারিখ: ২৬ জুলাই ২০২০ / ১১ শ্রাবণ ১৪২৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, -------------------------------- মন্ত্রণালয়/বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা
৪. সচিব, -------------------------------- মন্ত্রণালয়/বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা
৫. মহাপরিচালক,--------------------------------- অধিদপ্তর/পরিদপ্তর, ঢাকা
৬. ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, গুলশান-১, ঢাকা-১২১২
৭. পরীক্ষা নিয়ন্ত্রক(ক্যাডার/নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
৯. পরিচালক (সকল)/উপ-সচিব (প্রশা/অর্থ ও সেবা/বাজেট), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
১০. উপ-পরিচালক(সকল), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
১১. উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়,আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ
১২. সহকারী পরিচালক/সহকারী সচিব/ হিসাব রক্ষণ কর্মকর্তা/লাইব্রেরিয়ান, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
১৩. জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
১৪. জনাব কৌশিক দেবনাথ, সহকারী প্রোগ্রামার (কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd -এ প্রকাশের জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
১৫. সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
১৬. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তি: কর্ম: (অতিঃ সচিব মহোঃ সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
১৭. নোটিশ বোর্ড/অভ্যর্থনা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা

২৬/৭/২০২০

Scanned with CamScanner

[মোঃ রাজা মিয়া]
পরিচালক [উপসচিব]
ফোন ঃ ৫৫০০৬৬৩০

নং - ৮০.১১০.০৩৮.০০.০০.০০৪.২০২০-১০০ তারিখ: ২৬ জুলাই ২০২০ / ১১ শ্রাবণ ১৪২৭

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১. প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
সকল দৈনিক সংবাদপত্রে জরুরি ভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন মারফত সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা যাচ্ছে। বিজ্ঞপ্তির ০৪ (চার) কপি এতদসংগে প্রেরণ করা হলো
২. মূখ্য বার্তা নিয়ন্ত্রক,বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা। বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে অনুরোধ করা হলো
৩. বার্তা সম্পাদক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা। বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে অনুরোধ করা হলো

২৬/৭/২০২০

[মোঃ রাজা মিয়া]
পরিচালক [উপসচিব]
ফোন ঃ ৫৫০০৬৬৩০

সদয় অবগতির জন্য ঃ

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, ঢাকা
২. ব্যক্তিগত কর্মকর্তা (বিজ্ঞ সদস্য - ০২ মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা

২৬/৭/২০২০

[মোঃ রাজা মিয়া]
পরিচালক [উপসচিব]
ফোন ঃ ৫৫০০৬৬৩০